উদ্বৃত্ত সরকারি কর্মচারি আত্তীকরণ আইন, ২০১৬

(২০১৬ সনের ৩ নং আইন)

[৯ ফেব্রুয়ারি, ২০১৬]

The Surplus Public Servants Absorption Ordinance, 1985 (Ordinance No. XXIV of 1985) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১০ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক আদেশ দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল আপীল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি বর্ণিত সিদ্ধান্তের আলোকে, The Surplus Public Servants Absorption Ordinance, 1985 (Ordinance No. XXIV of 1985) এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন উদ্বৃত্ত সরকারি কর্মচারি আত্তীকরণ আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,

(১) ‘‘উদ্বৃত সরকারি কর্মচারি’’ অর্থ একজন সরকারি কর্মচারি যাহার পদ

প্রশাসনিক পুনর্গঠনের উদ্দেশ্যে সরকার কর্তৃক বিলুপ্ত করা হইয়াছে অথবা যে সকল কর্মচারির আত্তীকরণের দায়িত্ব সরকার গ্রহণ করিয়াছে;

(২) ''ক্যাডার পদ'' অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule 1 এ বর্ণিত পদ;

(৩) ''সরকারি কর্মচারি'' অর্থ প্রজাতন্ত্র বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোন ব্যক্তি, তবে নিম্নবর্ণিত ব্যক্তিগণ সরকারি কর্মচারি হিসাবে গণ্য হইবেন না-

(ক) প্রতিরক্ষা কর্ম-বিভাগের কোন সদস্য;

(খ) কোন নির্দিষ্ট উদ্দেশ্যে অস্থায়ী মেয়াদে গঠিত কমিশন, কমিটি বা বোর্ডে নিয়োজিত ব্যক্তি;

(গ) কন্টিনজেন্ট অথবা ওয়ার্ক-চার্জড কর্মচারি;

(ঘ) কোন নির্দিষ্ট উদ্দেশ্যে অস্থায়ী মেয়াদে গঠিত প্রকল্পে নিয়োজিত ব্যক্তি; অথবা

(ঙ) নির্দিষ্ট মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তিগণ;

(৪) ''পদ'' অর্থ প্রজাতন্ত্র বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরির বেসামরিক পদ, এবং ক্যাডার পদও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৫) ''স্থানীয় কর্তৃপক্ষ'' অর্থে কোন আইনের দ্বারা বা আইনের অধীন গঠিত বা প্রতিষ্ঠিত কোন সংবিধিবদ্ধ সংস্থা বা কর্তৃপক্ষ, এবং সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কোন সংস্থা বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

আইনের প্রাধান্য

৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, আইনের ক্ষমতাসম্পন্ন অন্য কোন দলিল, চুক্তি, অঙ্গিকারনামা, সমঝোতাপত্র বা চাকরির শর্তাদিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আইন এবং তদ্‌ধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ প্রাধান্য পাইবে।

কতিপয় সংবাদপত্রের কর্মচারিগণকে উদ্বৃত্ত সরকারি কর্মচারি হিসাবে গণ্যকরণ

৪। এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, Newspaper (Annulment of Declaration) Act, 1975 (XLII of 1975) এর অধীন কতিপয় সংবাদপত্রের যে সকল কর্মচারির চাকরি বিলুপ্ত হইয়াছে এবং যাহাদের আত্তীকরণের দায়িত্ব সরকার গ্রহণ করিয়াছে সেই সকল কর্মচারিগণ, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি কর্মচারি হিসাবে গণ্য হইবেন।

উদ্বৃত্ত সরকারি কর্মচারিগণের আত্তীকরণ

৫। (১) কোন উদ্বৃত্ত সরকারি কর্মচারিকে, যতদূর সম্ভব, উদ্বৃত্ত হইবার অব্যবহিত পূর্বের স্কেলের সমস্কেলভুক্ত পদে আত্তীকরণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন উদ্বৃত্ত সরকারি কর্মচারিকে সমস্কেলভুক্ত কোন পদে আত্তীকরণ সম্ভব না হইলে, উদ্বৃত্ত সরকারি কর্মচারিকে নিম্নস্কেলভুক্ত পদের প্রস্তাব দেওয়া যাইবে; এবং তিনি যদি উক্ত প্রস্তাব গ্রহণ না করেন তাহা হইলে প্রস্তাব প্রত্যাখ্যানের তারিখ অথবা প্রস্তাব প্রাপ্তির ত্রিশ দিন পর, ইহার মধ্যে যাহা পূর্বে ঘটিবে, ঐ তারিখ হইতে তিনি চাকরি হইতে অবসরপ্রাপ্ত মর্মে গণ্য হইবেন।

(২) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত না হইলে কোন উদ্বৃত্ত সরকারি-কর্মচারিকে কোন পদে আত্তীকরণ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কোন মন্ত্রণালয়, বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষকে কোন উদ্বৃত্ত সরকারি কর্মচারিকে তাহার প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন কোন অফিসে আত্তীকরণের জন্য ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে কোন উদ্বৃত্ত সরকারি কর্মচারিকে কোনরূপ পরীক্ষা বা যাচাইয়ে অংশগ্রহণ করিতে হইবে না অথবা কোন নির্দিষ্ট যোগ্যতা বা চাকরির মেয়াদ বা কোন নির্দিষ্ট বয়সসীমারও প্রয়োজন হইবে না।

(৪) উপ-ধারা (১) এর অধীনে কোন সরকারি কর্মচারিকে কোন পদে একবার আত্তীকরণ করা হইলে উহা চূড়ান্ত মর্মে গণ্য হইবে এবং তিনি অন্য কোন পদে পুনঃআত্তীকরণের অধিকারী হইবেন না।

জ্যেষ্ঠতা, বেতন ও পেনশন ইত্যাদি নির্ধারণ

৬। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত বিধানাবলী দ্বারা আত্তীকৃত সরকারি কর্মচারিদের জ্যেষ্ঠতা, বেতন ও পেনশন ইত্যাদি নির্ধারিত হইবে।

কতিপয় আইনের প্রয়োগ

৭। এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে আত্তীকৃত কোন সরকারি কর্মচারি আত্তীকৃত পদের জন্য প্রযোজ্য সকল আইন, বিধি এবং প্রবিধান দ্বারা পরিচালিত হইবেন।

নিয়োগে নিষেধাজ্ঞা আরোপের ক্ষমতা

৮। সরকার, আদেশ দ্বারা, উক্ত আদেশে নির্দিষ্টকৃত মেয়াদে, একটি নির্দিষ্ট সময়ের জন্য সরকারের পূর্বানুমোদন ব্যতীত কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সরকারি কর্মচারি নিয়োগে নিষেধাজ্ঞা আরোপ করিতে পারিবে।

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ গ্রহণের অপয়োজনীয়তা

৯। এই আইনের অধীন কোন সরকারি কর্মচারিকে আত্তীকরণের উদ্দেশ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

আদালতের এখতিয়ারের বিষয়ে বাধা-নিষেধ, ইত্যাদি

১০। কোন আদালত, ট্রাইব্যুনাল বা কোন কর্তৃপক্ষের নিকট এই আইনের অধীন কৃত কোন কাজ বা জারীকৃত কোন আদেশের বিরুদ্ধে প্রশ্ন উত্থাপন করা যাইবে না এবং সরকার বা কোন ব্যক্তির বিরুদ্ধে এই আইন বা তদ্‌ধীন প্রণীত বিধির বিধানের অধীন কোন কিছু করা বা করার অভিপ্রায়ের বিরুদ্ধে কোন মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না।

বিধি প্রণয়নের ক্ষমতা

১১। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

রহিতকরণ ও হেফাজত

১২। (১) The Surplus Public Servants Absorption Ordinance, 1985 (Ordinance No XXIV of 1985) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও,-

(ক) উক্ত Ordinance এর অধীন কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) এই আইন প্রবর্তনের তারিখে উক্ত Ordinance এর অধীন গৃহীত কোন কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে বা চলমান থাকিবে যেন উক্ত Ordinance রহিত করা হয় নাই।

Copyright © 2010, Legislative and Parliamentary Affairs Division
Ministry of Law, Justice and Parliamentary Affairs